কৃষিঋণ ও স্পেশাল প্রোগ্রাম্‌স বিভাগ

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

Xাকা ।

এসিএসপিডি-সার্কুলার নং-৫

তারিখ ঃ ২১/১২/১৪১০
০৪/০৪/২০০৪

ব্যবস্থাপনা পরিচালক
সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক
রূপালী ব্যাংক লিঃ/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়,
Xাকা/রাজশাহী ।

বিষয় ঃ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং বর্গাচাষীদের মেয়াদোত্তীর্ণ (শ্রেণীবিন্যাসিতসহ) কৃষি ঋণের (অনধিক ৫,০০০/- টাকা মুল কৃষি ঋণ) সুদ থেকে দায় মুক্তি ।

মহোদয়,

ক্ষুদ্র, প্রান্তিক ও ভূমিহীন বর্গাচাষীদের স্বার্থ সংরক্ষণ, সুষ্ঠু কৃষি ঋণ ব্যবস্থাপনা এবং কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছেন ঃ

(ক) অনধিক ৫,০০০/- টাকা মূল কৃষিঋণ যা ৩১-১২-০৩ তারিখে মেয়াদোত্তীর্ণ ও শ্রেণীবিন্যাসিত হয়েছে সে সব ঋণের উপর আদায়যোগ্য সমুদয় সুদ দায়মুক্ত করা যেতে পারে। এক বা একাধিক ঋণ হিসাবে (Loan account) কৃষি ঋণের সমষ্টি অনধিক ৫,০০০/- টাকা হতে হবে। এ ঋণের যে অংশ এখনও বকেয়া আছে কেবলমাত্র সে অংশের জন্যই এ সুদ দায়মুক্তি প্রযোজা হবে;

(খ) এ সুদ দায়মুক্তি সুবিধা পেতে হলে ৫,০০০/-টাকা পর্যন্ত গৃহীত মূল কৃষি ঋণ এপ্রিল/২০০৪ থেকে শুরু করে মোট ১২টি মাসিক কিস্তিতে অথবা এককালীন পরিশোধ করতে হবে । অন্যথায়, সুদ দায়মুক্তির বিষয়টি বিবেচনা করা হবে না;

(গ) ৩১-১২-০৩ তারিখের পরে সংশ্লিষ্ট ঋণ হিসাবগুলোতে নতুন করে সুদ ধার্য করা হবে না । তবে এপ্রিল/২০০৪ মাস হতে পরবর্তী ১২ মাস সময়ের মধ্যে মূল ঋণ পরিশোধ করা না হলে উল্লেখিত সময়ে স্বাভাবিক নিয়মে সুদ ধার্য করা হবে ;

(ঘ) যে সকল ঋণ গ্রহীতা এ সুদ দায় মুক্তি সুবিধা গ্রহণ করতে সম্মত হবেন তাদের বিরুদ্ধে দায়েরকৃত সকল সার্টিফিকেট মামলা স্থগিত থাকবে এবং তারা তাৎক্ষণিকভাবে নতুন ঋণ পাওয়ার যোগ্যতা অর্জন করবেন;

(ঙ) এ সুদ দায়মুক্তির ৪০% সরকার সংশ্লিষ্ট ব্যাংকগুলোকে পুনর্ভরণ করবে এবং অবশিষ্ট ৬০% সংশ্লিষ্ট বাণিজ্যিক/বিশেষায়িত ব্যাংক বহন করবে;

(চ) ৩১-১২-২০০৩ পর্যন্ত অনধিক ৫০০০/-টাকার মেয়াদোত্তীর্ণ (শ্রেণীবিন্যাসিতসহ) কৃষি ঋণের অন্যান্য চার্জ বাবদ বকেয়া টাকা, উল্লেখিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়মুক্ত বলে বিবেচিত হবে এবং এ বাবদ ব্যয় সংশ্লিষ্ট বাণিজ্যিক/বিশেষায়িত ব্যাংক বহন করবে ।

২। সরকারের উপরোক্ত সিদ্ধান্তসমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে । এ লক্ষ্যে আপনাদের সকল আঞ্চলিক অফিস ও শাখাসমূহকে অবিলম্বে প্রয়োজনীয় নির্দেশ জারীসহ আনুষংগিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে ।

৩। সরকারী সিদ্ধান্তসমূহের সুষ্ঠু বাস্তবায়ন ও পর্যবেক্ষনের উদ্দেশ্যে আপনাদের শাখাসমূহে নিয়মিতভাবে নিরীক্ষা/পরিদর্শক দল প্রেরণের ব্যবস্থা করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে । এই সংক্রান্ত আপনাদের পরিপত্রের অনুলিপি বাংলাদেশ ব্যাংকের অবগতির জন্য প্রেরণেরও অনুরোধ করা হলো ।

৪। বর্ণিত ব্যবস্থাধীনে সুদ দায়মুক্তির ৪০% সরকার কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংকগুলোকে পুনর্ভরণ করা হবে বিধায় এ সম্পর্কিত হিসাবাদি বাংলাদেশ ব্যাংকে দাখিল ও পরীক্ষনের জন্য প্রস্তুত রাখতে হবে । সেই লক্ষ্যে সরকারী সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পরিধারনের জন্য একটি পাক্ষিক প্রতিবেদন (নমুনা পরবর্তীতে পৃথকভাবে প্রেরণ করা হবে) বাংলাদেশ ব্যাংকে নিয়মিতভাবে প্রেরণ করতে হবে ।

ইত্যবসরে অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(এ,কে,এম মোস্তাফিজুর রহমান)
মহাব্যবস্থাপক(ভারপ্রাপ্ত)
ফোনঃ ৭১২০৩৫৬